গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা

# ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত জানুয়ারি ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ ইউসুফ<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৫-০২-২০২৫ |
| সভার সময় | সকাল ১২: ০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন** | কোন সংশোধনী না থাকায় গত ২৯-০১-২০২৫ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | গত ২৯-০১-২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী আলোচনাপূর্বক কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ বা নিশ্চিত করা হলো। | |
| ২. | **বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি** | মন্ত্রণালয়ের APA টিম লিডার যুগ্মসচিব (উন্নয়ন) সভায় জানান যে, এপিএ'র বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এপিএ'র সকল প্রমাণক দপ্তর/সংস্থা থেকে সঠিক সময়ে পাওয়া গিয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগে সকল প্রমাণক দাখিল করা হয়েছে। | চলতি ২০২৪-২৫ সালের চূড়ান্ত এপিএ দাখিল করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান (সকল)।<br>২.এপিএ টীম লিডার নৌপম। |
| ৩. | **অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ।** | উপসচিব (প্রশাসন) কর্তৃক অনিষ্পন্ন কাজের তালিকা হার্ড নথিতে উপস্থাপন করা হয়েছে।<br>সভাপতি দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন কাজ দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য পরামর্শ প্রদান করেন। | ছক মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন কাজের তথ্য প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন) |
| ৪. | **অডিট আপত্তি নিষ্পত্তিকরণ** | উপসচিব (অডিট) সভায় জানান যে, ২০/০২/২০২৫ তারিখে মোংলা বন্দর কর্তৃপক্ষের ত্রিপক্ষীয় সভায় মোট ৩০ টি অডিট আপত্তি নিয়ে আলোচনা হয়। উক্ত সভায় ২৬ টি অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়।<br>সভাপতি ত্রিপক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা এবং ব্রডশীট জবাবের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির ধারা অব্যহত রাখতে হবে। | ১. সকল দপ্তর/ সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, (অডিট) শাখা নৌপম। |
| ৫. | **দেওয়ানী ও রিট মামলা সংক্রান্ত তথ্য** | সিনিয়র সহকারী সচিব (আইন) সভায় জানান যে, প্রতিবেদনাধীন মাস (জানুয়ারি, ২০২৫) পর্যন্ত মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সর্বমোট মামলা ৬২৫টি।<br>৫৩২ টির জবাব দাখিল করা হয়েছে। নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৪ টি। যা সরকারের পক্ষে রায় হয়েছে। বাকি মামলার | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা জড়িত মামলায় সরকার পক্ষে মামলার জবাব নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে। কনটেম্পট মামলার বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহন | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. সিনিয়র সহকারী সচিব (আইন) শাখা, |

| ক্র | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জবাব দাখিলের কার্যক্রম চলমান রয়েছে। | করতে হবে। | নৌপম। |
| ৬. | **ডি-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ** | সিস্টেম এনালিস্ট সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। কিছু দপ্তর/সংস্থা নির্ধারিত নথি এখনো শতভাগ ডি-নথিতে নিষ্পত্তি করছে না। কিন্তু বিধি মোতাবেক নির্ধারিত নথির শতভাগ ডি-নথিতে নিষ্পত্তি করা প্রয়োজন। | ১। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে নির্ধারিত নথির তালিকা অনুযায়ী শতভাগ নথি ডি-নথিতে নিষ্পত্তি করতে হবে।<br>২। আগামী সভার পূর্বেই ডি-নথিতে কোন কোন নথি নিষ্পত্তিযোগ্য তা নির্ধারণ করে শতভাগ ডি-নথিতে নিষ্পত্তি করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২. সিস্টেম এনালিস্ট, নৌপম।<br>৩. ইনোভেশন টিম, নৌপম<br>৪. যুগ্মসচিব, (প্রশাসন) নৌপম। |
| ৭. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, তথ্য অধিকার আইন ২০০৯ এর অধীনে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য সমূহের ১) ৫ ধারা মোতাবেক তথ্যাবলীর ক্যাটাগরি ও ক্যাটালগ এবং ২) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রতিনিয়ত হালনাগাদ করা হয়। | ১. তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>২. তথ্য অধিকার সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. মন্ত্রণালয়েরে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৮. | **নাম পদবি ব্যবহার সংক্রান্ত** | (১) বিআইডব্লিউটিএ'র পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিক্রমে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে নাম পদবি ব্যবহার সংক্রান্ত পরিবর্তন সংক্রান্ত সরকারি মঞ্জুরি আদেশ (জি.ও) ১৮.০২.২০২৫ খ্রি. তারিখে জারি করে পৃষ্ঠাংকনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে ।<br>(২) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রাপ্ত অনুশাসন অনুযায়ী দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | ১.মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২.মন্ত্রিপরিষদ বিভাগ থেকে যেকোন অনুশাসন আসার পর দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. প্রশাসন অনুবিভাগ, নৌপম ও চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/ চবক/মোবক/পাবক/বাস্থবক ও বিআইডব্লিউটিএ। |
| ৯ | বিবিধ: | | | |
| | ৯.১ **বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত।** | বিআইডব্লিউটিএ'র ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তি বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সচিব (সংস্কার ও সমন্বয়)-কে সভাপতি করে একটি কমিটি গঠন করা হয়। কমিটির ১ম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে অতিরিক্ত সচিব (সমন্বয়)-কে আহবায়ক করে একটি উপকমিটি গঠন করা হয়। উক্ত উপ-কমিটির সর্বশেষ সভা গত ১০.০২.২০২৫ তারিখ অনুষ্ঠিত হয়।<br>উক্ত সভায় মন্ত্রণালয় ও বিআইডব্লিউটিএ প্রতিনিধি অংশগ্রহণ করে বিআইডব্লিউটিএ-এর মতামত উপস্থাপন করেন। সভায় নৌপরিবহণ মন্ত্রণালয় ও বিআইডব্লিউটিএ'র পক্ষ হতে ২টি বিষয়ে একমত পোষণ না করে মতামত/আপত্তি প্রদান করা হয় এবং অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় মর্মে জানা যায়। সভার কার্যবিবরণী এখনো পাওয়া যায়নি। | সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মন্ত্রিপরিষদ বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রেখে বিষয়টি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করবেন। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ<br>২.উপসচিব (টিএ), নৌপম। |

| ক্র | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | **৯.২ বিভাগীয় মামলার তথ্য প্রেরণ।** | উপসচিব (প্রশাসন) জানান যে, (জানুয়ারি, ২০২৫) মাসে ৩টি মামলা চলমান রয়েছে।<br><br>সভাপতি দপ্তর/সংস্থার যে সকল মামলাগুলো ০১ (এক) বছরের অধিক সময় ধরে পেন্ডিং রয়েছে তা আগামী ২ মাসের মধ্যে নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন। | সভাপতির নির্দেশনা অনুযায়ী যে যে সকল সংস্থার নিকট ২ ডিজিটের এবং ১ বছরের অধিক সময় ধরে যে মামলাগুলো পেন্ডিং রয়েছে, তা আগামী ২ মাসের মধ্যে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপসচিব, (প্রশাসন-১ শাখা), নৌপম।<br>২. সকল দপ্তর/সংস্থা প্রধানগণ |
| | ৯.৩ **মন্ত্রণালয়ের ২০২৪-২৫ সালের বাজেট বাস্তবায়ন** | চলতি ২০২৪-২৫ অর্থ-বছরের বাজেটের কার্যক্রম চলমান রয়েছে। বার্ষিক আর্থিক প্রতিবেদন অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | মন্ত্রণালয়ের ২০২৪-২০২৫ অর্থ বৎসরের বাজেট যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২.উপসচিব, বাজেট শাখা, নৌপম |
| | ৯.৪<br>**বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো অনুমোদন** | বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো অনুমোদন সংক্রান্ত প্রস্তাব পর্যালোচনার লক্ষ্যে অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের সভাপতিত্বে ০৮.১০.২০২৪ তারিখে অনুষ্ঠিত সভায় বিআইডব্লিউটিএ কর্তৃক বিভিন্ন বিভাগ এবং জোনভিত্তিক আঞ্চলিক দপ্তর স্থাপনের জন্য আলাদা আলাদা প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী জোনভিত্তিক ৫টি আঞ্চলিক দপ্তর স্থাপন ও জনবলের পদ সৃজনের জন্য বিআইডব্লিউটিএ কর্তৃক একটি প্রস্তাব প্রেরণ করা হয়। উক্ত প্রস্তাব পর্যালোচনার নিমিত্ত অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের সভাপতিত্বে ২৩.০২.২০২৫ তারিখে সভা করা হয়েছে।<br><br>সভাপতি পদের যৌক্তিকতা বিবেচনা করে কোথায় কত পদ প্রয়োজন তা অনুযায়ী ফ্লোচার্টে তুলে ধরা এবং দপ্তর/সংস্থা গুলোকে মন্ত্রণালয়ের সাথে আলোচনার মাধ্যমে প্রস্তাব পেশ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো সংক্রান্ত গত ০৮.১০.২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বিআইডব্লিউটিএ দ্রুত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ২. উপসচিব/সস (টিএ), নৌপম। |
| | **৯.৫ পাবকের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ** | পায়রা বন্দর কর্তৃপক্ষের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সাংগঠনিক কাঠামোতে ১৮৪ ক্যাটাগরির ৭৬০টি পদ সৃজনের জন্য গত ০৫-১০-২০২৩ নৌপরিবহন মন্ত্রণালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় বিভিন্ন ক্যাটাগরির ৯৫টি পদ সৃজনে সম্মতি জ্ঞাপন করে। অর্থ বিভাগে সম্মতির জন্য রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগে প্রেরণ করা হয়। অর্থ বিভাগ কর্তৃক ০৪ এপ্রিল ২০২৪ তারিখে ৯৫ টি পদের মধ্যে নির্বাহী ম্যাজিস্ট্রেট এর ০১ (এক)টি পদ স্থায়ীভাবে এবং বিভিন্ন ক্যাটাগরীর ৭২টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের জন্য সম্মতি জ্ঞাপন করেছে।<br><br>গত ১২-০৮-২০২৪ তারিখে বিভিন্ন ক্যাটাগরির ৭২টি পদের বেতনস্কেল নির্ধারণের জন্য অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়। অর্থ বিভাগ কর্তৃক গত ২৮-১১-২০২৪ তারিখের পত্রে মোট ৭২টি পদের মধ্য হতে ৬টি পদের যথা- সহকারী হারবার মাস্টার (অপারেশন), জুনিয়র কার্টোগ্রাফার, জুনিয়র হাইড্রোগ্রাফার (ফিল্ড), অডিট | ১। পাবক হতে ছক মোতাবেক তথ্যাদি জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>২। অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৩। দপ্তর/সংস্থাগুলোর জন্য কতগুলো পদ প্রস্তাব করা হয়েছে এবং এর বিপরীতে কতগুলো পদের মঞ্জুরী জ্ঞাপন করা হয়েছে, তার বিবরণী নির্ধারিত ছকে প্রস্তুত করতে হবে। | ১. চেয়ারম্যান (পাবক)<br><br>২. সিসস, পাবক, নৌপম। |

| ক্র | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সুপারিনটেনডেন্ট, মাস্টার ওয়েল্ডার এবং মাস্টার ফিটারের তথ্যাবলি ছক মোতাবেক প্রেরণের জন্য অনুরোধ জানায়। অর্থ বিভাগের ছক মোতাবেক চাহিত তথ্য ২৯-১২-২০২৪ তারিখে অর্থবিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি প্রত্যেক দপ্তর/সংস্থায় কতটি পদ চাওয়া হয়েছে এবং তার বিপরীতে কতটি পদ দেওয়া হয়েছে তা তুলনামূলক ছক অনুযায়ী দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন | | |
| | ৯.৬<br><br>**বিআইডব্লিউটিএ'র আওতাধীন সকল নদীবন্দরের ফোরশোর সমূহের মেয়াদ বৃদ্ধি** | বিআইডব্লিউটিএ'র অনুকূলে নদী বন্দরসমূহের তীরভূমি/ফোরশোর হস্তান্তরের বিষয়ে করণীয় নির্ধারণের জন্য অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের সভাপতিত্বে ভূমি মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের সমন্বয়ে গত ১১.০৭.২০২৪ ও ১৭.১১.২০২৪ তারিখে দুইটি সভা অনুষ্ঠিত হয়।<br><br>সভার সিদ্ধান্ত অনুসারে সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের সাথে যোগাযোগ রেখে বিষয়টি বাস্তবায়নের জন্য বিআইডব্লিউটিএ-কে দায়িত্ব প্রদান করা হয়। এ বিষয়ে বিআইডব্লিউটিএ থেকে অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ করা হয়েছে। প্রতিবেদনের সারসংক্ষেপ নিম্নরূপ:<br><br>(ক) ১১ টি নদী বন্দরের তীরভূমি হস্তান্তর করা হয়েছে, তন্মধ্যে ২টির সিএস অনুযায়ী জরিপ হয়নি;<br>(খ) অপরদিকে যৌথ জরিপ শেষে ৬টি ভূমি মন্ত্রণালয়ের সিদ্ধান্তের অপেক্ষায় এবং ৫টি জেলা প্রশাসনের সিদ্ধান্তের অপেক্ষায় রয়েছে;<br><br>(গ) ২১ টি নদী বন্দরের বিষয়ে যৌথ জরিপের জন্য জেলা প্রশাসন কর্তৃক কমিটি গঠিত হয়েছে, ১০ টি নদী বন্দরের ক্ষেত্রে এখনো জেলা প্রশাসন কর্তৃক কমিটি গঠিত হয়নি।<br><br>সভাপতি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। | ১। ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রেখে ফোর শোরসমূহের হস্তান্তর গ্রহণ ও মেয়াদ বৃদ্ধি করতে হবে।<br><br>২। দ্রুত ফোরশোর হস্তান্তরের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান (টিএ)<br><br>২. উপসচিব/সহকারী সচিব (টিএ), নৌপম। |
| ১০ | **দপ্তর/সংস্থার আন্ত:দেনা পাওনা পরিশোধ সংক্রান্ত।** | বিবেচ্য বিষয়ে দেনা-পাওনা সংক্রান্ত প্রতিবেদন প্রদানের জন্য বিআইডব্লিউটিএ-কে ১৯.১১.২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়।<br><br>তৎপ্রেক্ষিতে বিআইডব্লিউটিএ কর্তৃক বিভিন্ন সংস্থার কাছে তাদের পাওনার একটি বিবরণ প্রেরণ করা হয়েছে। উক্ত বিবরণ অনুযায়ী সংশ্লিষ্ট সকল সংস্থাকে বিআইডব্লিউটিএ'র দাবী পরিশোধের জন্য ২৩.০২.২০২৫ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। | সকল দপ্তর/সংস্থার আন্ত:দেনা পাওনার নিষ্পত্তির জন্য দপ্তর/সংস্থাগুলোকে পত্র দিতে হবে যেন তারা আন্ত:দেনা পাওনা পরিশোধ করে। এ বিষয়ে দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট শাখা গুলো থেকে পত্র দিবে। | ১. দপ্তর/সংস্থা প্রধানগণ<br><br>২. উপসচিব, টিসি ও সিনিয়র সহকারী সচিব, টিএ। |

| ক্র | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১. | **পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল কার্যক্রম গতিশীলকরণ ।** | নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে চট্টগ্রাম-পানগাঁও-চট্টগ্রাম নৌ-রুটে জারিকৃত জাহাজ ভাড়া সংক্রান্ত সার্কুলার প্রত্যাহারের লক্ষ্যে গত ২৬/০১/২০২৫ তারিখে মাননীয় উপদেষ্টার সভাপতিত্বে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে গত ১৬-১০-২০২২ খ্রিষ্টাব্দে জারিকৃত চট্টগ্রাম-পানগাঁও-চট্টগ্রাম রুটের জাহাজ ভাড়ার সার্কুলারটি গত ২৩/০২/২০২৫ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক প্রত্যাহার করা হয়েছে। সেপ্রেক্ষিতে সিদ্ধান্তটি কার্যতালিকা হতে বাদ দেয়া যেতে পারে। | পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল কার্যক্রম গতিশীলকরণ করতে হবে। | উপসচিব (চবক) |

১২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/
০৪-০৩-২০২৫
মোহাম্মদ ইউসুফ
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩২.০৬.০০১.২৪(খন্ড-৩)-১৪৬

তারিখঃ ০৫.০৩.২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। চেয়ারম্যান, মোবক/জাতীয় নদী রক্ষা কমিশন/বিআইডব্লিউটিএ /বাস্থবক/চবক /পাবক/বিআইডব্লিউটিসি
২। অতিরিক্ত সচিব, (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৫। যুগ্মসচিব, (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম/বরিশাল/পাবনা/সিলেট/রংপুর।
৭। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম।
১০। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশ এবং রেকর্ডের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৫/০৩/২৫
ফেরদৌসী জাহান
সহকারী সচিব